গণ বিশ্ববিদ্যালয়ে ‘ভেটেরিনারি সায়েন্স ফর কনজারভেশন’ সেমিনার অনুষ্ঠিত



সংগৃহীত ছবি

সাভারের গণ বিশ্ববিদ্যালয়ে (গবি) বন্যপ্রাণী সংরক্ষণে ভেটেরিনারি বিজ্ঞানের গুরুত্ব ও ‘ওয়ান হেলথ’ ধারণার বাস্তব প্রয়োগ নিয়ে ‘Integrating Veterinary Medicine & Wildlife Conservation for Sustainable Future’ প্রতিপাদ্যের আলোকে দিনব্যাপী ‘Veterinary Science for Conservation’ সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (১৬ অক্টোবর) সকালে বিশ্ববিদ্যালয়ের আইকিউএসি সভা কক্ষে ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদের আয়োজনে অনুষ্ঠানটি সম্পন্ন হয়।

সেমিনারের প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন যুক্তরাষ্ট্রের করনেল ইউনিভার্সিটির প্রফেসর ডা. মার্টিন গিলবার্ট ও ক্রিয়েটিভ কনজারভেশন অ্যালায়েন্সের (সিসিএ) সহ-প্রতিষ্ঠাতা শাহরিয়ার সিজার রহমান।

বন্যপ্রাণীর স্বাস্থ্য ও সংরক্ষণ, জলবায়ু পরিবর্তনের প্রভাব এবং প্রাণী থেকে মানুষের মধ্যে সংক্রমিত রোগের ঝুঁকিসহ বিভিন্ন বিষয়ে আলোচনা করেন বক্তারা।

প্রফেসর ড. মার্টিন গিলবার্ট তার উপস্থাপনায় বন্যপ্রাণীর সংখ্যা কমে যাওয়া, বিভিন্ন রোগ এবং সেই রোগের প্রতিকার নিয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি বলেন, ‘বন্যপ্রাণীর স্বাস্থ্য সংরক্ষণ শুধু প্রাণীর জন্য নয়, পরিবেশ এবং মানবস্বাস্থ্যের জন্যও গুরুত্বপূর্ণ। সঠিক চিকিৎসা ও গবেষণার মাধ্যমে আমরা বন্যপ্রাণীর জনসংখ্যা রক্ষা করতে এবং তাদের স্বাস্থ্য উন্নত করতে পারি।’

শাহরিয়ার সিজার রহমান তার বক্তব্যে বন্যপ্রাণী সংরক্ষণের গুরুত্ব তুলে ধরে বলেন, ‘প্রাণী সংরক্ষণ আমাদের দায়িত্ব, এবং সুযোগ থাকলে সবাই এই কাজে স্বেচ্ছাসেবক হিসেবে যুক্ত হতে পারেন। তিনি তার উপস্থাপনার মাধ্যমে দেখান কীভাবে কার্যকর পরিকল্পনা ও মাঠ পর্যায়ের উদ্যোগের মাধ্যমে বন্যপ্রাণীর সংরক্ষণ সম্ভব।’

ভেটেরিনারি অনুষদের ডীন অধ্যাপক ড. মো. জহিরুল ইসলাম খান বলেন,‘বাংলাদেশের সুন্দরবনে অনেক ধরনের বন্যপ্রাণী রয়েছে, কিন্তু দূষণের কারণে তাদের সংখ্যা দিন দিন কমছে। জরুরী ভিত্তিতে সংরক্ষণমূলক পদক্ষেপ গ্রহণ করাতে হবে।’

সেমিনারে জুনোটিক ও ওয়াইল্ডলাইফ ডিজিজ, কনজারভেশন ও থ্রেটেন্ড স্পিসিজ, ওয়ান হেলথ ও ক্লাইমেট চেঞ্জ এবং ওয়াইল্ডলাইফ হেলথ ও ডায়াগনস্টিক বিষয়ে চারটি অধিবেশন অনুষ্ঠিত হয় এবং অনুষদের শিক্ষার্থীরা পোস্টার প্রদর্শনী ও গবেষণা ক্ষেত্রের বিভিন্ন ধারণা উপস্থাপন করেন।

উল্লেখ্য, সেমিনারটির সার্বিক সহযোগিতায় ছিল এটিবিসি এশিয়া-প্যাসিফিক চ্যাপ্টার এবং অর্থায়নে ছিল সেন্টার ফর মাল্টিডিসিপ্লিনারি রিসার্চ, গণ বিশ্ববিদ্যালয়।